



জাপানের কৃষিমন্ত্রীর নেতৃত্বে প্রতিনিধি দলের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক



জাপানের কৃষিমন্ত্রীর নেতৃত্বে প্রতিনিধি দলের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাপানের কৃষি, বন ও মৎস্যবিষয়ক মন্ত্রী এবং বিশেষ দূত সুজুকি নরিকাজুর নেতৃত্বাধীন একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল।

বুধবার (২৯ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

আলোচনায় প্রধানমন্ত্রী বাংলাদেশ ও জাপানের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের গুরুত্ব তুলে ধরেন এবং ভবিষ্যতে এই সম্পর্ক আরও জোরদারের আশাবাদ ব্যক্ত করেন।

বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন, কৃষি খাতে সহযোগিতা বৃদ্ধি, আধুনিক প্রযুক্তি বিনিময়সহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট নানা বিষয়ে মতবিনিময় হয়।

এ সময় উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিনুর রশিদ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা নজরুল ইসলাম খান ও হুমায়ুন কবির এবং পররাষ্ট্র প্রতিনিধি শামা ওবায়েদ ইসলাম।